সমকাল

তারিখ ..... 18 APR 2017
পৃষ্ঠা ...৫... কলাম ...৫...

# নতুন উপাচার্য ও উপ-উপাচার্য পাচ্ছে রাবি

সমকাল প্রতিবেদক

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) নতুন উপাচার্য ও উপ-উপাচার্য পদে নিয়োগ পাচ্ছেন যথাক্রমে অধ্যাপক ড. রকীব আহমদ ও অধ্যাপক আনন্দ কুমার সাহা। এ দুটি পদে নিয়োগের জন্য তাদের নাম প্রধানমন্ত্রীর কাছে প্রস্তাব আকারে পাঠানো হয়েছে। প্রধানমন্ত্রী অনুমোদন দিলে রাষ্ট্রপতি আগামী দু-একদিনের মধ্যে তাদের নিয়োগ দেবেন। গত রোববার মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে এ দু'জনের নাম প্রস্তাব করে নথি প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাঠানো হয়। বিষয়টি সমকালকে নিশ্চিত করেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের যুগ্ম সচিব (বিশ্ববিদ্যালয়) লায়লা আরজুমান্দ বানু।

শিক্ষা মন্ত্রণালয় ও রাবি সূত্রে জানা পৃষ্ঠা ১৩ : কলাম ৮

## নতুন উপাচার্য

[তৃতীয় পৃষ্ঠার পর]

গেছে, ২০১৩ সালের ২০ মার্চ চার বছরের জন্য উপাচার্য পদে নিয়োগ পান অধ্যাপক মুহাম্মদ মিজান উদ্দিন ও উপ-উপাচার্য পদে অধ্যাপক চৌধুরী সারওয়ার জাহান। গত ২০ মার্চ তাদের মেয়াদ শেষে নিজ নিজ বিভাগে যোগদান করেন। এর পর ওই শূন্য পদ পূরণে রেজিস্ট্রার দপ্তর থেকে উপাচার্য ও উপ-উপাচার্য নিয়োগে পরবর্তী ব্যবস্থা নেওয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয়ে চিঠিও দেওয়া হয়।

রাবি সূত্রে জানা গেছে, ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগের শিক্ষক অধ্যাপক ড. রকীব আহমদ বর্তমানে ওই বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধের চেতনা ও মূল্যবোধে বিশ্বাসী প্রগতিশীল শিক্ষক সমাজের আহ্বায়কের দায়িত্ব পালন করছেন। তার বাড়ি ফরিদপুর জেলায়।

প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক আনন্দ কুমার সাহা বর্তমানে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের সহ-সভাপতির দায়িত্ব পালন করছেন। এর আগে তিনি রাবি শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক ও প্রগতিশীল শিক্ষক সমাজের আহ্বায়কের দায়িত্ব পালন করেন। তার বাড়ি মাগুরা জেলায়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর